ক্যাটেগরি:	কম্যুনিটি এডুকেশন কাউন্সিল	ইস্যুর তারিখ: ১০/৩০/১৪	নম্বর:	**D-140**
বিষয়:	শূন্যপদ পূরণসহ কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের নমিনেশন এবং নির্বাচন প্রক্রিয়া		Page:	1 of 1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধানটি এর পোস্টিংয়ের তারিখ থেকে কার্যকর এবং এটি ২৬ জুন ২০১২ তারিখের প্রবিধান D-140-কে হালনাগাদ ও রদ করে।

পরিবর্তনসমূহ:

- নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা আইনের সাম্প্রতিক সংশোধন অনুসারে, বর্তমানে হয় ইংরেজি ভাষা শিখছে অথবা বিগত দুই বছর ইংরেজি ভাষা শিক্ষার্থী ছিল এমন ছেলেমেয়ের পিতামাতাদের অন্তর্ভুক্ত করার জন্য "ইএলএল পিতামাতা" শব্দগুচ্ছের সংজ্ঞা সম্প্রসারিত করা হয়েছে। (দেখুন পৃষ্ঠা 2, সেকশন II.D.)

সংক্ষিপ্তসার

প্রত্যেক কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের অবশ্যই একটি কম্যুনিটি এডুকেশন কাউন্সিল (“CEC”) থাকতে হবে যা ১১জন ভোটিং সদস্য এবং একজন নন-ভোটিং শিক্ষার্থী সদস্য সমবায়ে গাঠিত হবে। ভোটাধিকারপ্রাপ্ত সদস্যদের নয়জন নির্বাচিত হন এই প্রবিধানের বিধি অনুযায়ী এবং নির্বাচনকালে তাদেরকে অবশ্যই কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের শিক্ষার্থীর পিতামাতা হতে হবে যে শিক্ষার্থী সংশ্লিষ্ট কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর কোন স্কুলের লেখাপড়া করছে। অবশিষ্ট দুইজন ভোটাধিকারপ্রাপ্ত সদস্য বরো প্রেসিডেন্ট কর্তৃক মনোনীত হবেন। এই প্রবিধান সিইসি সদস্য হওয়ার যোগ্যতার শর্ত এবং মনোনয়ন ও নির্বাচন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে। প্রতিটি সিইসি-কে ‘নিউ ইয়র্ক ওপেন মিটিং ল’ অনুযায়ী সকল দায়-দায়িত্ব পালন করতে হবে।

যোগ্যতা

A. পিতামাতা

1. পিতামাতারা[1] যে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর সিইসি-তে কাজ করতে আগ্রহী, সে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন স্কুলে পড়ুয়া কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের শিক্ষার্থীর পিতামাতা নিজেকে মনোনীত করার অঅধিকার সংরক্ষণ করেন। সিইসি-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। আবেদনের সময় কোন যোগ্যতাসম্পন্ন পিতামাতা, যদি যথাযথভাবে নির্বাচিত হন, তাহলে তাকে, এমন কী তাদের সন্তান অষ্টম গ্রেড থেকে উত্তীর্ণ হয়ে গেলেও এবং/অথবা পিতামাতার মেয়াদ থাকাকালে সংশ্লিষ্ট কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন স্কুলে যাওয়া বন্ধ করে দিলেও, পূর্ণ দুই বছর মেয়াদের জন্য সিইসি-তে কাজ করার অনুমতি দেয়া হবে।[2]

2. নিচে উল্লিখিত ব্যক্তিগণ আইনত যোগ্য নন:

   a. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট , বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির কনভেনশনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া)।

[1] পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সত-পিতা বা তত্ত্বাবধানকারী), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোন ব্যক্তিকে বুঝায়। ছেলেমেয়ের সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

[2] সিইসি-এর সকল পিতামাতা সদস্য হবেন সেইসব পিতামাতা যাদের সন্তান কম্যুনিটি ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন স্কুলে লেখাপড়া করছে কিংবা বিগত দুই বছরকালের মধ্যে সংশ্লিষ্ট কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন স্কুল লেখাপড়া করেছে।

b. ডিপার্টমেন্ট অব এডুকেশনে (DOE) বর্তমান কর্মচারী;

c. কোন দণ্ডযোগ্য অপরাধে শাস্তিপ্রাপ্ত ব্যক্তি বা যাকে কোন কম্যুনিটি স্কুল বোর্ড, সিইসি, কিংবা কোন সিটিওয়াইড কাউন্সিল থেকে এসব বোর্ড, সিইসি, কিংবা কাউন্সিলের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপঅপসরাণ করা হয়েছে; এবং

অপর কোন সিইসি, কিংবা অন্য কোন সিটিওয়াইড কাউন্সিলে কর্মরত ব্যক্তিবর্গ।

3. এ ছাড়াও, নিম্নোল্লিখিত ব্যক্তিগণও যোগ্য নন:

a. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

b. পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, কিংবা টাইটেল ওয়ান কমিটি থেকে এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল বা কমিটি থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপঅপসরাণ করা হয়েছে কিংবা এবং এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল বা কমিটি থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

c. সিটি অব নিউ ইয়র্কের স্বার্থের দ্বন্দ্ব সংক্রান্ত আইনের ভিত্তিতে ডিওই-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত অন্য কর্মকর্তা কর্তৃক স্বার্থের দ্বন্দ্ব রয়েছে বলে নির্ধারিত ব্যক্তিবর্গ।

B. শিক্ষার্থী

যেসব হাই স্কুলের শিক্ষার্থী তাদের কর্মকালে সিনিয়র হবে, যারা সে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ বাস করে যেখানে তারা কাজ করবে, এবং যারা তাদের স্কুলের নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্টট, তারা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট কর্তৃক মনোনীত হওয়ার যোগ্য। শিক্ষার্থী যে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ কাজ করবে, তাকে সেখানে অবস্থিত কোন হাই স্কুলের শিক্ষার্থী হতে হবে না। কাজ করার জন্য যদি কোন সিনিয়র নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্ট পাওয়া না যায়, অন্যান্য নেতৃত্বশীল পদে আসীন নির্বাচিত সিনিয়রকে (যেমন কোন ক্লাবের প্রেসিডেন্ট) বিবেচনা করা যেতে পারে।

II. <u>পিতামাতার নমিনেশন</u>

A. সিইসি-তে কাজ করতে আগ্রহী পিতামাতাগণ অনলাইনে পূরণকৃত আবেদনের ফরম জমা দিয়ে নিজেদের স্ব-মনোনয়ন করতে পারেন:http://www.nycparentleaders.org. প্রার্থীগণ একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারবেন। যদিও একাধিক আবেদনপত্র জমা দেওয়া অনুমোদিত, প্রার্থীরা একাধিক কাউন্সিলে কাজ করতে পারবেন না। আবেদন করার সময় যেসব প্রার্থী একাধিক কাউন্সিলের জন্য আবেদন করবেন, তাদেরকে তাদের অগ্রাধিকারক্রমে কাউন্সিলগুলো উল্লেখ করতে হবে। যেসব প্রার্থী শর্তাধীনে একাধিক কাউন্সিলে কাজ করার জন্য মনোনীত হবেন, তারা শর্তাধীনে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্য থেকে সবচেয়ে বেশি যে কাউন্সিলকে অগ্রাধিকার দিয়েছেন, সেটিতেই কাজ করবেন। ডিভিশন অব ফ্যামেলি

অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (FACE) আবেদন জমা দেওয়ার সময়সীমা অনলাইনে পোস্ট করবে: http://www.nycparentleaders.org. যেসব পিতামাতার ইন্টারনেট ব্যবহারের সুযোগ নেই, তারা বিভিন্ন স্কুল ও স্থানীয় সংস্থাগুলোর তালিকার জন্য ফেইস-এ যোগাযোগ করতে পারেন, এসব স্কুল ও সংস্থা তাদেরকে ইন্টারনেট সংযোজিত কম্পিউটার ব্যবহারের সুযোগ দিতে পারবে।

B. প্রার্থীদের আবদেনপত্রে উল্লেখ করতে হবে তাদের সতানরা কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন্‌কোন্‌ স্কুলে বর্তমানে লেখাপড়া করছে। একেকজন প্রার্থীকে এ ধনের স্কুলের একেকজন প্রতিনিধি বলে বিবেচনা করা হবে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মর্জি অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে।

C. যেসব প্রার্থী ইনডিভিজুয়েল এডুকেশন প্রোগ্রাম [3] (অতঃপর "আইইপি" বলে অভিহিত) আছে এমন সন্তানের পিতামাতার জন্য আইন অনুযায়ী সংরক্ষিত সিইসি-সদস্যের একটি পদ পূরণের যোগ্য হতে ইচ্ছা প্রকাশ করেন, তাহলে তাদের আবেদনপত্রে তারা যে আইইপিবিশষ্ট ছেলেমেয়ের পিতামাতা, সে তথ্য প্রকাশে তাদের সম্মতি আছে।

D. যেসব প্রার্থী হয় বর্তমানে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার ছিল [4] অথবা বিগত দুই বছর সময়সীমায় ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার ছিল (অতঃপর "ইএলএল প্যারেন্ট" বলে অভিহিত) এমন সন্তানের পিতামাতার জন্য আইন অনুযায়ী সংরক্ষিত সিইসি-সদস্যের একটি পদ পূরণের যোগ্য হতে ইচ্ছা প্রকাশ করেন, তাহলে তাদের আবেদনপত্রে তারা যে আইইপিবিশষ্ট ছেলেমেয়ের পিতামাতা, সে তথ্য প্রকাশে তাদের সম্মতি আছে।

E. প্রত্যেক প্রার্থী আবেদনের অংশবিশেষ (নাম, যে হাই স্কুলে সন্তান যায়, জীবনবৃত্তান্ত ও কর্মকাণ্ডের বিবৃতি, এবং ব্যক্তিগত বিবৃতি) http://www.nycparentleaders.org ঠিকানায় পিতামাতা ও সর্বজনের দেখার জন্য পোস্ট করা হবে। আইইপি প্যারেন্ট বা ইএলএল প্যারেন্ট হিসেবে কারও প্রার্থীতা প্রকাশ করা হবে যদি প্রার্থীরা তাদের আবেদনপত্রে তারা যে আইইপি বা ইএলএল প্যারেন্ট সে তথ্য প্রকাশে সম্মতি প্রদান করনে।

III. নির্বাচকমণ্ডলী

চ্যান্সেলরের প্রবিধান A-660 অনুযায়ী কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ অবস্থিত সকল স্কুলের পিএ/পিটিএ-এর তিনজন পিতামাতা সদস্য হবেন প্রতিটি সিইসি-এর পিতামাতা নির্বাচক সদস্য (যেমন প্রেসিডেন্ট, সেক্রেটারি এবং ট্রেজারার)।[5] পিএ/পিটিএ-এর প্রেসিডেন্ট ও কর্মকর্তাগণ যারা নির্বাচন প্রক্রিয়ায় প্রার্থী হবেন, তারা নির্বাচন প্রক্রিয়ায় ভোট দিতে পারবেন না। এই নির্বাচন প্রক্রিয়ায় পিএ/পিটিএ-কে অবশ্যই প্রেসিডেন্ট বা কর্মকর্তার ক্ষেত্রে

---

[3] ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম-এর শিক্ষার্থী বলতে বুঝায় এমন শিক্ষার্থী, প্রতিবন্ধীতা আছে বলে গণ্য হওয়ায় যার স্পেশাল এডুকেশন সার্ভিস-এর প্রয়োজন।

[4] একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী বলতে বুঝায় এমন শিক্ষার্থী, যে ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামে নিবন্ধিত আছে।

[5] কো-প্রেসিডেন্ট, কো-সেক্রেটারি বা কো-ট্রেজারারের ক্ষেত্রে, পিএপিটিএ কার্যকরি বোর্ডের বাকী সব সদস্য মনোনীত করবেন কোন কো-অফিসার (সহকারী কর্মকর্তা) একজন নির্বাচক হিসেবে কাজ করবেন।

এ ধরনের ভোট দেওয়ার জন্য একজন সদস্য মনোনীত করে দিতে হবে।

IV. প্রার্থী ফোরাম প্রক্রিয়া

A. ফেইস-এর সহযোগিতায় প্রতিটি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল একটি নমিনি ফোরাম আয়োজন করবে যেখানে সিইসি-এর প্রার্থীদেরকে নির্বাচকমণ্ডলী ও পিতামাতা এবং অন্যান্য আগ্রহীদের সামনে নিজেরদের বক্তব্য ও পরিচিতি তুলে ধরার সুযোগ দেওয়া হবে।

B. প্রার্থী ফোরাম আহ্বান করতে হবে প্রার্থী হওয়ার আবেদনপত্র জমা দেওয়ার পর, তবে নির্বাচনের বছরের দ্বিতীয় মঙ্গলবারে নির্ধারিত ভোটের দিনের আগে। প্রেসিডেন্টস কাউন্সিল নমিনি ফোরামের জন্য একটি ডিওই-এর স্থান, তারিখ এবং উপযুক্ত সময় নির্ধারণ করবে, এবংনমিনি ফোরামের জন্য সকল আবশ্যক পারমিট সংগ্রহ করবে। ফেইস নমিনি ফোরামের সাথে সংশ্লিষ্ট সকল পারমিট এবং অন্যান্য প্রয়োজনীয় সকল ব্যয় বহন করবে।

C. ফেইস প্রেসিডেন্টস কাউন্সিলকে নমিনি ফোরামে বিলি করার জন্য ডিস্ট্রিক্ট-ভিত্তিক আলাদা করে তৈরি নমিনি ব্রোশিওর-এর কপি দেবে যাতে সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর প্রতিদ্বন্দ্বিতাকারী সকল প্রার্থীদের নাম ও নিজ নিজ পরিচিতিমূলক বিবৃতি অন্তর্ভুক্ত থাকবে। ফেইস নমিনি ফোরাম আয়োজনের জন্য প্রয়োজনানুযায়ী বাড়তি সহায়-সঙ্গতি দিয়ে সহায়তা করবে।

V. নির্বাচন প্রক্রিয়া

A. প্যারেন্ট মেম্বার (ভোটাধিকারসম্পন্ন)

1. ভোট দেওয়ার জন্য নির্বাচকদের অবশ্যই http://www.nycparentleaders.org ঠিকানায় লগ ইন করতে হবে। লগ অন হওয়ার পর নির্বাচকদেরকে একটি ব্যালট দেওয়া হবে যাতে তাদের ডিস্ট্রিক্ট-এর সকল প্রার্থীর নাম দেওয়া আছে। প্রত্যেক নির্বাচক দুইজন প্রার্থীকে ভোট দেবেন। ফেইস নির্বাচকদেরকে ব্যালট জমা দেওয়ার প্রক্রিয়া সম্পর্কে আরও বিস্তারিত তথ্য দেবেন।

2. সিইসি-এর সদস্যদের নির্বাচন করার সময় নির্বাচকদেরকে অবশ্যই নিচের বিষয়গুলোকে নিশ্চিত করতে হবে:

   a. সদস্যমণ্ডলীদের মধ্যে কম্যুনিটির বিভিন্ন অংশ এবং বিশেষ শিক্ষাগত চাহিদাবিশিষ্ট শিক্ষার্থীসহ বৈচিত্রপূর্ণ শিক্ষার্থীসমাজের প্রতিনিধিত্ব প্রতিফলিত হয়; এবং

   b. ডিস্ট্রিক্ট-এর শিক্ষার্থীসংখ্যা এবং স্কুল থেকে স্কুলে এ ধরনের শিক্ষার্থীসংখ্যার সম্ভাব্য বৈষম্যকে বিবেচনা করা হয়।

3. সিইসি-এর নয়জন পিতামাতার মধ্যে (ভোটাধিকারসম্পন্ন), অন্ততঃ একটি পদ অবশ্যই একজন আইইপি প্যারেন্টকে পূরণ করতে হবে, এবং একটি পদ পূরণ করতে হবে একজন ইএলএল প্যারেন্টকে দিয়ে। বাকি সাতটি পদ যে কোন যোগ্য পিতামাতাদের দ্বারা পূরণ করা যেতে পারে।

4. যখন ব্যালট গণনা করা হবে:

   a. সবচেয়ে বেশি সংখ্যক ভোট পাওয়া প্রার্থীদেরকে শর্তাধীনে নির্বাচিত বলে বিবেচনা করা হবে। তবে, কোনো স্কুলেরই সিইসিতে একজনের বেশি পিতামাতা প্রতিনিধি থাকতে পারবে না, যার ব্যতিক্রম সেকশন V.A.4.c. যদি একই স্কুল থেকে একাধিক প্রার্থী নির্বাচিত হন, তাহলে সর্বোচ্য ভোট প্রাপ্ত প্রার্থী নির্বাচত বিবেচিত হবেন। স্কুলটি থেকে অপেক্ষাকৃত কম ভোট পাওয়া প্রার্থীদেরকে বিবেচনা থেকে অপসারণ করা হবে এবং ইতিমধ্যে কোন প্রতিনিধিত্ব নেই এমন স্কুলের পরবর্তী সর্বোচ্চ ভোট পাওয়া প্রার্থীকে সিইসি-এ শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে।

   b. যদি সাতজন সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীদের মধ্যে কোন আইইপি বা ইএলএল প্যারেন্ট থাকেন এবং তিনি শর্তাধীনে নির্বাচিত হয়ে থাকেন, তাহলে ইতিপূর্বে অনির্বাচিত প্রার্থী যিনি সর্বোচ্চ সংখ্যক ভোট পেয়েছিলেন, তাকে শর্তাধীনে সিইসি-এর বাকি দুইটি শূন্য পদ পূরণের জন্য নির্বাচিত বলে গণ্য করা হবে। যদি সাতজন সর্বোচ্চ ভোট প্রাপ্ত এবং শর্তাধীনে নির্বাচিত প্রার্থীদের মধ্যে কোন আইইপি বা ইএলএল প্যারেন্ট না থাকেন, তাহলে সর্বোচ্চ ভোট প্রাপ্ত আইইপি (যদি আইইপি প্যারেন্ট-এর জন্য নির্ধারিত আসনটি ইতিমধ্যে শর্তাধীনে পূরণ করা না হয়ে থাকে) এবং ইএলএল (যদি ইএলএল প্যারেন্ট-এর জন্য নির্ধারিত আসনটি ইতিমধ্যে শর্তাধীনে পূরণ করা না হয়ে থাকে) প্যারেন্টদেরকে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে। তবে, কোনো স্কুলেরই সিইসিতে একজনের বেশি পিতামাতা প্রতিনিধি থাকতে পারবে না, যার ব্যতিক্রম সেকশন V.A.4.c. যদি একই স্কুল থেকে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত কোন আইইপি পিতামাতা এবং/অথবা ইএলএল পিতামাতা শর্তাধীনে নির্বাচিত হন, তাহলে একই স্কুল থেকে আইইপি বা ইএলএল পিতামাতাকে বিবেচনা করা থেকে অপসারণ করা হবে এবং ইতিমধ্যে সিইসি-তে প্রতিনিধিত্ব নেই এমন স্কুলের পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত আইইপি এবং/অথবা ইএলএল পিতামাতাকে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে। যে পিতামাতা একইসাথে আইইপি এবং ইএলএল পিতামাতা, তিনি হয় আইইপি না-হয় ইএলএল, যে কোন পিতামাতাদের জন্য সংরক্ষিত আসন গ্রহণ করতে পারবেন, তবে উভয়টিতে জন্য নয়।

   c. সেকশন V.A.4.a এবং সেকশন V.A.4.-এ বর্ণিত সেসব পরিস্থিতিতে আরোপ করা হবে না যেখানে বিধিনিষেধ আরোপের ফলে নয় জনের কম পিতামাতা মনোনীত হন কিংবা আইইপি বা ইএলএল পিতামাতা সিইসি-তে থাকেন না।

5. প্রার্থীদের মধ্যে টাই হলো (প্রার্থীরা সমান ভোট পেলে), কিংবা প্রাথমিকভাবে নয়জনের কম মনোনীত হলে, পুনর্নির্বাচন অনুষ্ঠিত হবে। এ ধরনের পরিস্থিতিতে প্রত্যেক নির্বাচক একজন প্রার্থীকে ভোট দেবেন।

   a. সিইসি-এর এক বা একাধিক আসনে টাই হওয়ার কারণে যদি নতুন করে নির্বাচন করা আবশ্যক হয়, তাহলে শুধু টাই হয়েছে যেসব প্রার্থীদের মধ্যে,

তারাই শুধু পুনর্বির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

b. আইইপি প্যারেন্ট কোন ভোট পাননি বলে পুনর্নির্বাচন আবশ্যক হলে শুধু আইইপি প্যারেন্টরাই আইইপি আসনের পুনর্নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। ইএলএল প্যারেন্ট কোন ভোট পাননি বলে পুনর্নির্বাচন আবশ্যক হলে শুধু ইএলএল প্যারেন্টরাই ইএলএল আসনের পুনর্নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন।

c. যদি একই স্কুল থেকে বহু প্রার্থী নির্বাচনের ব্যাপারে সেকশন V.A.4.a and V.A.4.b অনুযায়ী বিধি নিষেধ আরোপের কারণে এক বা একাধিক পদ শূন্য থাকায় নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন প্রার্থী এবং ইতিমধ্যে সিইসিস-তে কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। যদি পুনর্নির্বাচনের পরও সকল আসন পূর্ণ না হয়, তাহলে সেকশন V.A.4.c অনুযায়ী ব্যতিক্রমী নিয়ম প্রয়োগ করা হবে।

d. যদি সেকশন V.A.5.a, V.A.5.b and V.A.5.c প্রয়োগের কারণ ছাড়া অন্য কোন কারণে নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে যেসব প্রার্থী ইতিমধ্যে নির্বাচিত হননি, তাহলে তারা পুনর্নির্বাচনে অংশগ্রহণ করার যোগ্য হবেন।

e. উপরে উল্লিখিত সেকশন V.A.5.a, V.A.5.b, V.A.5.c এবং/অথবা V.A.5.d-এর সাথে সামঞ্জস্যবিধান করার কারণে যদি একাধিক পুনর্নির্বাচন আবশ্যক হয়, তাহলে তা সেকশন V.A.5.a, V.A.5.b, V.A.5.c. and V.A.5.d-এ উল্লিখিত শর্তানুযায়ী একই সময়ে, কিন্তু ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত করে একাধিক নির্বাচন করতে হবে।

f. যদি পুনির্নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করেও সকল আসন পূর্ণ না হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন প্রক্রিয়া পরিচালনার দায়িত্বপ্রাপ্ত নিরপেক্ষ সংস্থা উপরে উল্লিখিত সেকশন V.A.5.a, V.A.5.b, V.A.5.c and V.A.5.d অনুযায়ী লটারির মাধ্যমে বিজয়ী প্রার্থী বাছাই করবে। তবে, কোন প্রার্থী যদি প্রাথমিক নির্বাচন ও পুনর্নির্বাচন উভয়টিতেই কোন ভোট না পান, তাহলে কাউন্সিলের আসন শূন্য থেকে যাবে যা এই প্রবিধানের সেকশন IX.A.2 and IX.A.3 অনুযায়ী পূরণ করতে হবে।

6. যদি কোনো নির্বাচিত প্রার্থী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কিন্তু নির্বাচন বছরের ২৫ জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী যিনি ইতোমধ্যেই সিইসি-তে প্রতিনিধিত্বকারী কোনো স্কুল থেকে আসেননি তিনি শর্তাধীনে নির্বাচিত বিবেচিত হবেন। [6] যদি অনুপযুক্ত বা অযোগ্য প্রার্থী এমাত্র আইইপি প্যারেন্ট হয়ে থাকেন, তাহলে সিইসি-তে ইতিমধ্যে প্রতিনিধিত্ব আছে, এমন স্কুলের না হয়ে থাকলে প্রাথমিক নির্বাচনে পরবর্তী সর্বোচ্ছ ভোটপ্রাপ্ত আইইপি প্যারেন্টকে

---

[6] যদি অযোগ্যতা নির্বাচনের বছরের ২৫ জুনের পর ঘটে, তাহলে এই প্রবিধানের সেকশন IX.A.2 এবং IX.A.3 তে প্রতিষ্ঠিত শূন্যপদ পূরণের পদ্ধতি প্রয়োগ করা হবে।

শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে। যদি অনুপযুক্ত বা অযোগ্য প্রার্থী এমাত্র ইএলএল প্যারেন্ট হয়ে থাকেন, তাহলে সিইসি-তে ইতিমধ্যে প্রতিনিধিত্ব আছে, এমন স্কুলের না হয়ে থাকলে প্রাথমিক নির্বাচনে পরবর্তী সর্বোচ্ছ ভোটপ্রাপ্ত ইএলএল প্যারেন্টকে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে। যদি উপরের বিধি অনুযায়ী নির্বাচন অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে। যদি যোগ্য কোন প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে কাউন্সিলের একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন IX.A.2 এবং IX.A.3 অনুযায়ী পূরণ করা হবে।

7. পিতামাতা সদস্য দুই বছর মেয়অদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়।

B. বরো প্রেসিডেন্ট কর্তৃক নিযুক্তি

বরো প্রেসিডেন্ট দুইজন ভোটাধিকারসম্পন্ন সদস্য মনোনয়ন দেবেন।[7] সেই দুইজনকে সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা হতে বা সেখানে ব্যবসার মালিক বা পরিচালক হতে হবে এবং তার ব্যবসা বা দোকানপাট কিংবা ভালো শিক্ষাগত অভিজ্ঞা ও জ্ঞান থাকতে হবে। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদে কাজ করেন এবং মাত্র আরেকবার দুই বছর মেয়াদের জন্য পুনর্বহাল পেতে পারেন।[8] বরো প্রেসিডেন্টের মনোনয়ন পেতে আগ্রহীদেরকে বরো প্রেসিডেন্ট-এর অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে বরো প্রেসিডেন্ট-এর অফিসে জমা দিতে হবে।

C. শিক্ষার্থী সদস্যদের (ভোটাধিকারহীন) নিযুক্তি

কম্যুনিটি সুপারিনটেনডেন্ট একজন সিইসি-তে কাজ করার জন্য ভোটাধিকারহীন হাই স্কুল সিনিয়রকে নিযুক্তি দেবেন যে সংশ্লিষ্ট কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ বসবাস করে এবং যে তার স্কুলের নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্ট। কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর কাছে একটি যোগ্য শিক্ষার্থীদের তালিকা দেওয়া হবে যাদের মধ্য থেকে নিযুক্তি দিতে হবে। যদি কাজ করতে পারে এমন কোন সিনিয়র শিক্ষার্থী পাওয়া না যায়, তাহলে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং অন্য কোন নেতৃত্বশীল পদে নির্বাচিত (যেমন কোন ক্লাবের প্রেসিডেন্ট) যে সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এ বাস করে, এমন শিক্ষার্থী পাওয়া যায় কী-না, সেটা বের করতে সহায়তা করবে। শিক্ষর্থী সদস্য এক বছর মেয়াদের জন্য কাজ করে।

VI. <u>যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা</u>

প্রার্থীদের শর্তাধীনে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করবেন যে তিনি সিইসি-তে কাজ করার যোগ্য কি-না। চ্যান্সেলর

---

[7] এই প্রবিধানের সেকশন I.A.2 এবং I.A.3-এ উল্লিখিত যোগ্যতার শর্ত বরো প্রেসিডেন্ট-এর মনোনীতদের বেলায় প্রযোজ্য হবে।

[8] যদি এই প্রবিধানের সেকশন IX.A.4 অনুসারে দুই বছরের কম সময়ের আংশিক মেয়াদের জন্য শূন্যপদ পূরণে বরো প্রেসিডেন্ট কর্তৃক একজন ব্যক্তি মনোনীত হন, তাহলে উক্ত আংশিক মেয়াদ বরো প্রেসিডেন্ট কর্তৃক নিযুক্তদের মেয়াদসীমা গণনার ক্ষেত্রে গণ্য করা হবে না, তবে ইতোপূর্বে বরো প্রেসিডেন্ট কর্তৃক নিযুক্ত পূর্ণ দুই মেয়াদ দায়িত্বপালন করেছেন এমন ব্যক্তি বরো প্রেসিডেন্ট নিয়োগ দেবেন এরকম শূন্যপদ পূরণের জন্য যোগ্য হবেন না।

যদি নিশ্চিত করেন যে আইন অনুযায়ী প্রার্থীর যোগ্যতা নেই, তাহলে চ্যান্সেলরের লিখিত সিদ্ধান্ত ইস্যুর পরবর্তী সাত দিনের ম্যধ্যে জনসাধারণের পর্যবেক্ষণের জন্য ফেইস-এর সেন্ট্রাল অফিসে সংরক্ষণ করা হবে। ইস্যুকৃত এ ধরনের সিদ্ধান্তে ঘটনাগত ও আইনগত ভিত্তি অন্তর্ভুক্ত থাকবে। চ্যান্সেল কোন প্রার্থীকে অযোগ্য ঘোষণা করলে তার স্থলাভিষিক্ত হবেন পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী, যদি-না তিনি ইতিমধ্যে সিইসি-তে প্রতিনিধি আছে, এমন স্কুল থেকে এসে থাকেন।

VII. সময়সীমা

সিইসিগুলির নির্বাচন ২০১১ সালের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার এবং এরপর থেকে প্রতি দুই বছর পর পর অনুষ্ঠান করা হবে, যার মেয়াদ নির্বাচনোত্তর জুলাই মাসের ১ তারিখে শুরু হবে। মনোনয়ন প্রক্রিয়া চলবে ৯০ দিনব্যাপী। এই সময়সীমার মধ্যে অন্তর্ভুক্ত আছে পদ্ধতি সম্পর্কে সবাইকে জানান, পিতামাতার মনোনয়ন, নমিনি ফোরাম এবং নির্বচকদের ভোট দেওয়া। সিইসি-এর ভূমিকা, কার্যাবলি ও কর্মকাণ্ড সম্পর্কে সাধারণ তথ্য, সাথে সাথে স্কুল বছরের শুরুতে আবেদনের প্রকৃতি ও বাছাই প্রক্রিয়া নির্বাচনের বছরের জানুয়ারি মাসের প্রথম দিকে বিলি করা হবে। ফেইস এই প্রবিধান বাস্তবায়নের জন্য যথাযথ সময়সীমা ঘোষণা করবে।

VIII. পদত্যাগ

A. পিতামাতা সদস্য

পিতামাতা সদস্যের ইস্তফা লিখিতভাবে চ্যান্সেলর বরাবর দিতে হবে। চ্যান্সেলর তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণের জন্য ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট-এর চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারকে দায়িত্ব অর্পন করেছেন। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট-এর চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

B. বরো প্রেসিডেন্টের নিয়োগ

বরো প্রেসিডেন্টের নিয়োগপ্রাপ্তদের পদত্যাগপত্র অবশ্যই নিয়োগদাতা বরো প্রেসিডেন্ট বরাবর লিখিত হতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে সংশ্লিষ্ট বরো প্রেসিডেন্টের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। নিয়োগদাতা বরো প্রেসিডেন্ট-এর অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

C. শিক্ষার্থী সদস্য

শিক্ষার্থী সদস্যের ইস্তফা লিখিতভাবে নিয়োগদানকারী কম্যুনিটি সুপারিনটেনডেন্ট বরাবর দিতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে সংশ্লিষ্ট কম্যুনিটি সুপারিনটেনডেন্টের কাছে

পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। নিয়োগদাতা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

IX. পদশূন্যতা

A. পিতামাতা ও বরো প্রেসিডেন্টের নিয়োগপ্রাপ্তদের পদশূন্যতা

1. সিইসি-এর কোন সদস্য যিনি তার মেয়াদকালে যথাযথভাবে সভার কথা তাকে জানিয়ে দেওয়া সত্ত্বেও লিখিতভাবে যথার্থ কারণ না দেখিয়ে সিইসি-এর তিনটি সভায় উপস্থিত হতে অবহেলা করেন বা অনুপস্থিত থাকেন, তার পদ শূন্য হয়ে যাবে।[9] প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা দাপ্তরিক বিবরণীতে লিপিবদ্ধ করা হবে। কাউন্সিল অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট বা প্রেসিডেন্টকে বরো প্রেসিডেন্টের নিয়োগপ্রাপ্তদের অনুপস্থিতির কথা বরো প্রেসিডেন্টকে জানাতে হবে। তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর সিইসি আসনটিকে নিয়মিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করে শূন্য ঘোষণা করবে এবং চ্যান্সেলরকে (কিংবা ক্ষেত্র বিশেষে বরো প্রেসিডেন্টকে) এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে।

2. সিইসিতে যখন কোন পিতামাতার পদ শূন্য হয়, সিসিএইচএস-কে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কোন একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে। কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রেসিডেন্টস কাউন্সিল এবং অন্যান্য এডুকেশন গ্রুপকে পিতামাতার শূন্য পদ পূরণের জন্য লিখিত সুপারিশ দিতে হবে এবং শূন্য পদ পূরণের আগে সিইসি-এর সাথে মতবিনিময় করতে হবে। এ ধরনের পদশূন্যতার ফলে যদি কাউন্সিলে কমপক্ষে একজন ইএলএল প্যারেন্ট বা আইইপি প্যারেন্ট না থাকেন, সিইসি-কে তাহলে এমন একজন পিতামাতাকে বাছাই করতে হবে যার এই শূন্যপদ পূরণের যোগ্যতা আছে। শূন্যপদ পূরণের জন্য একজন আইইডি বা ইএলএল প্যারেন্ট বাছাই করার পূর্বে সিইসি-কে সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন বা সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এর সাথে মতবিনিময় করতে হবে। সিইসি-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট পদ পূরণে আগ্রহী পিতামাতাদেরকে অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করতে হবে। সংশ্লিষ্ট সিইসি বা ফেইস অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করা যেতে পারে।

3. টাই ভোটের ঘোষণা দেওয়ার ৬০ দিনের মধ্যে যদি সিইসি-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি সিইসি অন্য কোন কারণে ৬০ দিনের মধ্যে শূন্য আসন

---

[9] অনুপস্থিতির জন্য এখানে বর্ণিত কারণগুলি বৈধ বলে বিবেচিত হয়। কোনো আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; সিইসি সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে সিইসি সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা সিইসি উপযুক্ত মনে করে।

পূরণ করতে ব্যর্থ হয়, চ্যান্সেলর শিক্ষা আইনের সেকশন 2590-l অনুযায়ী সিইসিকে শূন্য আসন পূরণের নির্দেশ দেবেন।

4. পাবলিক এডভোকেট নিযুক্ত কোন আসন শূন্য হলে পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য নিযুক্ত করবেন। বরো প্রেসিডেন্টের মনোনয়ন পেতে আগ্রহীদেরকে বরো প্রেসিডেন্ট-এর অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে বরো প্রেসিডেন্ট-এর অফিসে জমা দিতে হবে।

B. শিক্ষার্থী পদশূন্যতা

শিক্ষার্থী পদশূন্যতার ক্ষেত্রে কম্যুনিটি সুপারিনটেনডেন্ট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য যোগ্য শিক্ষার্থী তালিকা থেকে একজন সিনিয়র শিক্ষার্থী নিয়োগ দেবেন। সুপারিনটেন্ডেন্ট ফেইস এবং সিইসিকে তার নিয়োগের ব্যাপারে অবহিত করবেন।

X. অভিযোগ প্রক্রিয়া

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ (৫) দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হেব।

XI. কৌশলগত সহায়তা

ফেইস এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্ত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফোন:	*Division of Family and Community Engagement*	ফ্যাক্স:
212-374-2323	N.Y.C. Department of Education 49 Chambers Street – Room 503 New York, NY 10007	212-374-0076